

২২ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি.

আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্রের সক্ষমতা বৃদ্ধি এবং বৃহত্তর বরিশাল ও ফরিদপুর অঞ্চলের ডাল ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত উচ্চ ফলনশীল ডাল ফসলের জাতসমূহের আধুনিক উৎপাদন কলাকৌশল ও সংগ্রহোত্তর প্রযুক্তি শীর্ষক প্রশিক্ষণ এবং কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে উপস্থিত ছিলেন ফেরদৌসী আখতার, যুগ্ম প্রধান (ফসল উইং), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, রত্না শারমিন ঝরা, উপপ্রধান (ফসল উইং), কামরুল ইসলাম খান, উপপ্রধান, সিনিয়র সহকারী সচিব, (পরিকল্পনা উইং), কৃষি মন্ত্রণালয়, ড. মো: ছালেহ উদ্দিন, সাবেক পরিচালক (ডাল), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, সাবেক প্রকল্প পরিচালক। এসময় আরও উপস্থিত ছিলেন অত্র কেন্দ্রের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প পরিচালক ড. সেলিম আহম্মেদ এবং অন্যান্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

অনুষ্ঠানে অতিথিবৃন্দ তাদের বক্তব্যে দেশের খাদ্য এবং পুষ্টি নিরাপত্তায় ডাল জাতীয় ফসলের চাষ বৃদ্ধি এবং এর বহুমুখী ব্যবহারের উপর কৃষকদের উদ্ভুত করেন। এছাড়াও ডালের উন্নত জাত পরিচিতি, উন্নত চাষাবাদ কৌশল, সার ব্যাবহারবিধি, রোগ ও পোকামাকড় দমন কৌশল, মাটির ও গবাদি পশুর স্বাস্থ্য রক্ষায় ডাল ফসলের গুরুপ্ত সম্পর্কে প্রশিক্ষণে আলোচনা করা হয়।

উক্ত কৃষক প্রশিক্ষণে মোট ৩০ জন কৃষক/কৃষাণীকে প্রশিক্ষনের পাশাপাশি বীজ শুকানোর জন্য একটি ত্রিপল, বীজ সংরক্ষণের জন্য একটি ড্রাম বিতরণ করা হয়।